চুয়াডাঙ্গায় যানজট নিরসনে ট্রাফিক পুলিশের পাশে রোভার স্কাউট

চুয়াডাঙ্গায় যানজট নিরসন ও সাধারণ মানুষের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে ট্রাফিক পুলিশের পাশাপাশি কাজ করছে রোভার স্কাউটের সদস্যরা। সোমবার সকাল থেকে দিনব্যাপী এ কার্যক্রম চালিয়ে যাচ্ছে চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপ।

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঘরমুখো মানুষের চাপে চুয়াডাঙ্গা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে যানজট বেড়ে গেছে। চুয়াডাঙ্গা বড় বাজার, কোর্ট মোড় ও একাডেমি মোড়সহ বিভিন্ন স্থানে যানজটে নাকাল জনসাধারণ। জেলা ও জেলার বাইরে থেকে আগত ইজিবাইক, চার্জার ভ্যানসহ বিভিন্ন ছোট যানবাহনের কারণে যানজট আরও প্রকট হয়ে উঠেছে। যানজট নিরসনে ট্রাফিক পুলিশের পাশাপাশি রোভার স্কাউটের সদস্যরাও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব বলেন, “যানজট জনজীবনের জন্য বড় সমস্যা। ঈদের আগে চুয়াডাঙ্গার কিছু গুরুত্বপূর্ণ এলাকায় যানজট প্রকট আকার ধারণ করে। সাধারণ মানুষের ঈদযাত্রা নির্বিঘ্ন করতে আমরা কাজ করছি। চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের গ্রুপ সম্পাদক জাহিদুল হাসান স্যারের নির্দেশনায় আমাদের এই কার্যক্রম চলছে।”

তিনি আরও জানান, ২৫ রমজান থেকে ঈদের আগের দিন পর্যন্ত চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনে যাত্রীদের সেবা ও নিরাপত্তা রক্ষায় রোভার স্কাউট সদস্যরা দায়িত্ব পালন করবেন।

এই কার্যক্রমে অংশ নেওয়া রোভার স্কাউট সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাদ হাকিম, সালমান ফার্সি, সৌরভ হোসেন, কামাল হোসেন, মাহিন বিল্লা, রাব্বি, ইকবাল, নাফিজ, সাইদুর, মুজাহিদ, রাজসহ আরও অনেকে। এছাড়া গার্ল ইন রোভার সদস্যরাও এ কার্যক্রমে অংশ নিয়েছেন।